

যুগান্তর

সরকার শিক্ষকদের বেতন ১২৩ ভাগ বৃদ্ধি করেছে

ডেপুটি স্পিকার

প্রকাশ : ১৪ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



গাইবান্ধা প্রতিনিধি

জাতীয় সংসদের ডেপুটি স্পিকার মো. ফজলে রাব্বী মিয়া বলেছেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দুর্গম এলাকায় অনুগ্রহণ করেও বিশ্বমানের নেতা হয়েছিলেন। তার মতো অনুকরণীয় নেতা হতে হলে তরুণ প্রজন্মকে লেখাপড়ায় মনোযোগ দিতে হবে। তিনি শিক্ষকদের উদ্দেশে বলেন, বর্তমান সরকার শিক্ষকদের বেতন ১২৩ ভাগ বৃদ্ধি করেছে। মঙ্গলবার গাইবান্ধার ফুলছড়ি উপজেলা পরিষদ চত্বরে উপজেলা প্রশাসনের উদ্যোগে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উপলক্ষে দু'দিনব্যাপী বিজ্ঞান মেলার উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। ফুলছড়ি উপজেলা কৃষি অফিসার আসাদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান মো. হাবিবুর রহমান, মহিলা ভাইস চেয়ারম্যান রাশেদা বেগম, ডা. রফিকুজ্জামান, বেলাল হোসেন, মাহমুদ হোসেন মণ্ডল, অধ্যক্ষ এটিএম রাশেদুজ্জামান রোকন প্রমুখ।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।